

২০১৭

বাংলা — সাধারণ

তৃতীয় পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

Other than General candidates appearing as a whole

১। (ক) 'যারা নবযুগের সাধক ঐক্যের সাধনার জন্মেই তাদের স্বাতন্ত্র্যের সাধনা করতে হবে আর তাদের মনে রাখতে হবে এই সাধনায় জাতি বিশেষের মুক্তি নয়, নিখিল মানবের মুক্তি।'

— 'শিক্ষার মিলন' প্রবন্ধ অবলম্বনে এই ঐক্যসাধনার স্বরূপটিকে বিশ্লেষণ করো।

১৫

অথবা

(খ) 'আমরা যাহার সহিত মিলিত হইতে চাহি সে আপনার মানসসরোবরের অগম তীরে বাস করিতেছে।'

— রবীন্দ্রনাথ ঠাকুরের 'মেঘদূত' প্রবন্ধ অবলম্বনে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

১৫

২। (ক) 'রাজা ও রাণী' নাটকটিতে কুমারসেন ও ইলার উপকাহিনিটি মূল কাহিনির মধ্যে কীভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে আলোচনা করো।

১৫

অথবা

(খ) 'রাজা ও রাণী' নাটকটি ট্রাজেডি হিসেবে কতদূর সার্থক হয়েছে আলোচনা করে দেখাও।

১৫

৩। (ক) 'না' গল্পের প্রধান দুই পুরুষ চরিত্রের তুলনামূলক আলোচনা করো।

১৫

অথবা

(খ) 'হারানের নাতজামাই' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

১৫

৪। (ক) "সুপুষ্টি, নধর, প্রবর্ধমান জীবনের লাভ্যে ভরপুর।" — কোন্ প্রসঙ্গে কার সম্পর্কে বলা হয়েছে? সমগ্র গল্পের নিরিখে উদ্ধৃত অংশটির তাৎপর্য নির্দেশ করো।

১+১+৩

অথবা

(খ) 'সকালের ডাকে দুখানা চিঠিই একসঙ্গে পেলাম।'

— কে চিঠি পেয়েছিল? চিঠি দু'টি কারা লেখে? চিঠি দু'টির বক্তব্য কী ছিল?

১+১+১+২

[Turn Over]

৫। (ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসে কপালকুণ্ডলা চরিত্রটি বঙ্কিমচন্দ্রের একটি বিশিষ্ট সৃষ্টি। — আলোচনা করো।

১৫

অথবা

(খ) 'কপালকুণ্ডলা' উপন্যাসে বঙ্কিমচন্দ্র রোমান্স সৃষ্টিতে কতদূর সার্থক হয়েছেন উপন্যাসটি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

১৫

৬। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'বাস্তালীরা আপন গৃহিণীকে সর্ব্বাপেক্ষা সুন্দরী দেখে।' — বক্তা কে? কাকে উদ্দেশ্য করে কথাটি বলা হয়েছিল? এই অংশে বক্তার মনোভাবটি ব্যক্ত করো।

১+১+৩

(খ) 'এখন নিরুপায়, এখন পতিমাত্র তোমার ধর্ম্ম। পতি শ্মশানে গেলে তোমাকে সঙ্গে সঙ্গে যাইতে হইবে।' — কে, কাকে, কেন একথা বলেছিলেন?

১+১+৩

(গ) 'তুমি ত কখনও আপনার হৃৎপিণ্ড আপনি ছেদন করিয়া শ্মশানে ফেলিতে আইস নাই।' — বক্তা কে? কাকে, কোন্ প্রসঙ্গে এ কথা বলা হয়েছিল?

১+১+৩

৭। (ক) 'পল্লীসমাজ' উপন্যাসের নামকরণ কতদূর যুক্তিসঙ্গত হয়েছে আলোচনা করো।

১৫

অথবা

(খ) 'পল্লীসমাজ' উপন্যাসে রমেশ চরিত্রটি কাহিনির নায়ক হিসেবে কতখানি গ্রহণযোগ্য হয়েছে বিশ্লেষণ করো।

১৫

৮। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'সমস্ত গ্রামেই বাবা এই রকম — তা ছাড়া মামলায় মামলায় একেবারে শতচ্ছিদ্র।' — বক্তা কে? কাকে, কোন্ প্রসঙ্গে এ কথা বলা হয়েছিল?

১+১+৩

(খ) '..... নিন্দেও করব না, সুখ্যাতি করেও বেড়াব না। আজকের দিনটা আমার নিন্দা-সুখ্যাতির বাইরে।'

— বক্তা কে? কাকে বলা হয়েছিল? 'দিনটি' বিশিষ্ট ছিল কেন ব্যাখ্যা করো।

১+১+৩

(গ) '..... ভজুয়ার এই বাক্যটা তখন তাহার দুই কানের ভিতর লক্ষ করতালির সমবেত বামাবাম শব্দে যেন মাথাটা ছিঁড়িয়া ফেলিতেছিল।' — 'ভজুয়া' কে? বাক্যটি কী? প্রসঙ্গটি উল্লেখ করো।

১+১+৩

(ঘ) 'আজ এই একটি কথায় সে জ্যাঠাইমার বুকের ভিতরটার জননী জ্বালা যেমন করিয়া দেখিতে পাইল এমন আর কোনদিন পায় নাই।'

— জ্যাঠাইমা কে? 'কথা'টি কী? প্রসঙ্গটি উল্লেখ করো।

১+১+৩